

2020
BENGALI
[HONOURS]
Paper : II
[OLD SYLLABUS]

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) 'বসুন্ধর' কোন্ নামে মর্ত্যে জন্মগ্রহণ করেন ?
- খ) বৈষ্ণব রসতত্ত্ব অনুযায়ী শ্রেষ্ঠতম রস কাকে বলা হয়েছে ?
- গ) 'এহ বাহ্য আগে কহ আর' — এ কথা কে কাকে বলেছেন ?
- ঘ) রায় রামানন্দ কে ? তাঁকে কোন্ বিশ্লেষণে অভিহিত করা হয়েছে ?
- ঙ) 'অষ্টাপদ' শব্দের অর্থ লেখো।
- চ) চৈতন্যদেব-এর আবির্ভাব ও তিরোভাব বর্ষ উল্লেখ করো।
- ছ) কে দ্বিতীয় কাশী নির্মাণ করতে চান ?
- জ) রাধাভাবকে মহাভাব কেন বলা হয় ?
- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) 'মাথুর' কাকে বলে ?
- খ) হরি হোড়ের পিতা-মাতা ও পত্নীর নাম লেখো।
- গ) 'রাগাঙ্গিকা ভক্তি' বলতে কী বোঝায় ?
- ঘ) কলা ও মাত্রার পরিচয় দাও।

- ঙ) ছত্র আর পদ কাকে বলে ?
- চ) বৈষ্ণবশাস্ত্রে কান্তাপ্রেম কাকে বলা হয়েছে ?
- ছ) ব্রজবুলি ভাষা আশ্রয়কারী দুই জন কবির নাম লেখো। এ-ভাষার শ্রেষ্ঠ কবি কে ? তাঁকে কোন অভিধায় চিহ্নিত করা হয়েছে ?
- জ) 'হ্যাদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া।।' — কে, কেন একথা বলেন ?
- ঝ) অরসজ্ঞ কাক চুষে জ্ঞাননিষফলে। রসজ্ঞ কোকিল চুষে প্রেমানন্মুকুলে। এখানে জ্ঞান আর প্রেম-এর প্রভেদ আর পরিচয় লেখো।
- ঞ) পূর্বরাগ কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ?
- ট) ব্যাখ্যা করো — 'নব পরিচয় কালিয়া বঁধুর সণে'।
- ঠ) 'কোন গুণ নাই তার কপালে আগুন' — কার বিষয়ে কে, কেন এই উক্তি করেছেন ?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০
- ক) অন্নদামঙ্গল কাব্যে শিব-এর বহুমাত্রিক ভূমিকা আর গুরুত্ব সংক্ষেপে বিশ্লেষণ করো। ৬
- খ) আত্মেন্দ্রিয় প্রীতিইচ্ছা তারে বলি কাম ? কৃষ্ণেন্দ্রিয় প্রীতিবাঞ্ছা ধরে প্রেমনাম।। অভিপ্রায়- কে চিহ্নিত করতে প্রেম আর কামের এই প্রভেদ উপস্থাপনার যথার্থ নিহিত তত্ত্বের ভূমিতে আলোচনা করো। ৬
- গ) দুখিনির দিন দুখেতে গেল। মথুরানগরে ছিলে ত ভাল।। প্রবন্ধ নির্দেশ করে এর রসতত্ত্বগত মর্মার্থ ব্যাখ্যা করো। ৬

ঘ) ‘হাথক দরপন মাথক ফুল’ — পদটি কোন্ পর্যায়ে? এর কাব্যসৌন্দর্য আলোচনা করো। ৬

ঙ) অ) উদাহরণ সহযোগে যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা লেখো। $2 \times 2 = 4$

উৎপ্রেক্ষা, ব্যতিরেক, শ্লেষ

আ) অলঙ্কার নির্ণয় করো (যে-কোনো একটি) ২

অ) জড়াও রেশমি দড়ি, কত জরি ছড়াও

সুন্দরী

দুই হাতে ঝরাও ঝালর

আ) বহু রে আলোর মালা অবশ্য রাত্রি ঘিরে

মেঘের ওই আকাশ ছিঁড়ে ঝরো রে

বেদনসুরা।

ই) কলকল্লোলে লাজ দিল আজ নারীকণ্ঠের

কাকলি।

চ) ছন্দোলিপি প্রস্তুত করো। (যে-কোনো একটি) :

$6 \times 1 = 6$

অ) মনে পড়লো, তোমায় পড়লো মনে

বাজলো বাঁশি হঠাৎই জংশনে,

লেভেল -ক্রসিং দাঁড়িয়ে আছে ট্রেন

এখন তুমি পড়ছো কি হার্ট ক্রেন? ৬

আ) তা সত্ত্বেও ভালো লাগে বিনামানে মধ্যাহ্নভোজন

স্বাস্থ্যকে তা ক্ষুণ্ণ করে দিনে দিনে কমায় ওজন

ভদ্রতা বিপন্ন হয়, নানাভাবে করে কানাকানি

এ সবই যে দুঃখপ্রদ, সন্দেহ কি, অবশ্য তা মানি।

৬

অথবা

পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি

আমরা দুজন চলতি হাওয়ার পত্নী

রঙিন নিমেঘ ধুলার দুলাল

পরানে ছড়ায় আবীর ওলাল ৬

৪। চৈতন্যচরিতামৃত, মধ্যলীলা অনুসরণে কৃষ্ণের স্বরূপ বিশ্লেষণ করো। এখানে গোপিনীদের ভূমিকা কেন গুরুত্বপূর্ণ আলোচনা করো। $10 + 5 = 15$

অথবা

সাধ্যসাধনতত্ত্বটি, চৈতন্যচরিতামৃত, মধ্যলীলা, অষ্টম পরিচ্ছেদ অনুযায়ী তার দার্শনিক তত্ত্বের ভূমিতে ব্যাখ্যা করো। ১৫

৫। ‘অন্নদামঙ্গল-কাব্যে পুরাণ আর লোকায়ত নন্দন চিন্তা একে অপরের পরিপূরক।’ — এই কাব্যের পুরাণ-পটভূমি আর লোকায়ত বিশ্বাসের যাত্রাপথকে পাঠ্য অনুসরণে আলোচনা করো। ১৫

অথবা

অন্নদামঙ্গল-কাব্যের চরিত্রায়ণ-রীতিতে যে নাটকীয়তার সঞ্চয় তা আখ্যানভাগের নির্বাচিত দৃষ্টান্তে আলোচনা করো। ১৫

৬। ‘শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান’ — রবীন্দ্রনাথের এই অনুভব তথা জিজ্ঞাসার সাপেক্ষে বৈষ্ণব পদসাহিত্যে রসতত্ত্বের প্রেক্ষিত আর ব্যক্তিত্ব উৎসারিত নিজস্বতার যে অন্বেষণ — তা পাঠ্য পদের আশ্রয়ে আলোচনা করো। ১৫

অথবা

আক্ষেপানুরাগ কাকে বলে? আক্ষেপানুরাগের বৈষ্ণব রসতত্ত্বগত দার্শনিক তাৎপর্য আলোচনা করে কোনো একটি পদের কাব্যসৌন্দর্য আলোচনা করো। $2 + 5 + 8 = 15$